



আজ প্রকাশিত হচ্ছে এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল



সংগৃহীত ছবি

বৃহস্পতিবার সকাল ১০টায় প্রকাশ করা হবে ২০২৫ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল। ফল জানা যাবে শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট, পরীক্ষাকেন্দ্র ও এসএমএসের মাধ্যমে। এ বছর ১১টি শিক্ষা বোর্ডের অধীনে অংশ নিয়েছে ১২ লাখেরও বেশি শিক্ষার্থী।

২০২৫ সালের উচ্চমাধ্যমিক (এইচএসসি) ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশিত হচ্ছে আজ বৃহস্পতিবার (১৬ অক্টোবর)। সকাল ১০টা থেকেই পরীক্ষার্থীরা তাদের ফলাফল জানতে পারবে দেশের সব শিক্ষা বোর্ডের ওয়েবসাইট, সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্র ও শিক্ষাপ্রতিষ্ঠান থেকে। পাশাপাশি এসএমএসের মাধ্যমেও ফল জানা যাবে।

ফল প্রকাশ উপলক্ষে এবারও কোনো আনুষ্ঠানিক অনুষ্ঠান বা জমকালো আয়োজন থাকছে না। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, পরীক্ষার্থীরা তিনটি পদ্ধতিতে ফলাফল জানতে পারবে—অনলাইন, শিক্ষা প্রতিষ্ঠান ও মোবাইল বার্তার মাধ্যমে।

এ বছর মোট ১১টি শিক্ষা বোর্ডের অধীনে ১২ লাখ ৫১ হাজার ১১১ জন শিক্ষার্থী এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নিয়েছে। ফলাফল প্রকাশের পর শিক্ষার্থীরা ওয়েবসাইটে তাদের রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে বিস্তারিত ফল দেখতে পারবে।